

22



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নৌ বিভাগ

বিজ্ঞপ্তি নং- ০১ /২০২২

তারিখঃ ০১/০১/২০২২ খ্রিঃ

এতদ্বারা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বন্দরসীমায় এলপিজি বহনকারী জাহাজের STS Operation পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান/ সংস্থা/ এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, STS Operation পরিচালনার ঝুঁকি বিবেচনায় জাতীয় ও আন্তর্জাতিক (ISGOTT, OCIMF এবং STS গাইডলাইন) বিধিমালা অনুসরণপূর্বক নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

- ক) এলপিজি হ্যান্ডলিং সম্পর্কিত জাতীয় ও আন্তর্জাতিক গ্যাসাধার নীতিমালা (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিপালন করতে হবে।
- খ) STS কার্যক্রমের পূর্বে, STS শুরু করার সময় এবং শেষে STS guideline এ নির্দেশিত চেকলিস্টসমূহের সঠিক বিধান অনুসরণ করতে হবে।
- গ) বিধি মোতাবেক STS কাজটি একজন দক্ষ, অভিজ্ঞ ও সংশ্লিষ্ট কাজে যোগ্যতাসম্পন্ন STS Superintendent এর অধীনে সম্পাদন করতে হবে।
- ঘ) যেকোন দূর্ঘটনা যেমনঃ Fire, Collision, Explosion ইত্যাদি জরুরী পরিস্থিতির পূর্বপ্রস্তুতি হিসেবে প্রয়োজনীয় পূর্ব ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ঙ) STS Transfer কাজে অনুমোদিত যন্ত্রপাতি ব্যবহার করতে হবে।
- চ) STS Manual-এ উল্লিখিত Wind Speed & Wave Height বিষয়ে নির্দেশিত বিধান প্রতিপালন করতে হবে এবং আবহাওয়া অধিদপ্তর কর্তৃক আবহাওয়া সংকেত '০৩' জারি করা হলে বা অভ্যন্তরীণ জাহাজ (নৌচলাচল) বিধিমালা, ২০০১ এর বিধি নং ৪৭(১) অনুযায়ী বায়ুর গতিবেগ ১০ মিটার/সেকেন্ড হলে উক্ত কার্যক্রম বন্ধ রাখতে হবে।
- ছ) STS কার্যক্রমটি চবক এর পূর্বানুমতি সাপেক্ষে সম্পাদন করতে হবে এবং চবক এর রেডিও কন্ট্রোলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- জ) যেকোন ধরণের দূর্ঘটনা, নিরাপত্তা ব্যত্যয় এবং সিকিউরিটি ভিজিলেন্সের দায়িত্ব কোম্পানির উপর বর্তাবে।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত।

স্বাঃ

ডেপুটি কনজারভেটর  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

নথি নং-১৮.০৪.০০০০.৭১১.১৮.০৭৭.২১/২২

তারিখঃ ০১/০১/২০২২ খ্রিঃ।